

আল-কাহফ | Al-Kahf | الْكَهْف

আয়াতঃ ১৮ : ৪

আরবি মূল আয়াত:

وَيُنذِرَ الَّذِينَ قَالُوا اتَّخَذَ اللَّهُ وَلَدًا ﴿٤﴾

অনুবাদসমূহ:

আর যেন সতর্ক করে তাদেরকে, যারা বলে, ‘আল্লাহ সন্তান গ্রহণ করেছেন’। — আল-বায়ান

আর তাদেরকে সতর্ক করার জন্য যারা বলে, ‘আল্লাহ পুত্র গ্রহণ করেছেন।’ — তাইসিরুল

এবং সতর্ক করার জন্য তাদেরকে যারা বলে যে, আল্লাহ সন্তান গ্রহণ করেছেন। — মুজিবুর রহমান

And to warn those who say, "Allah has taken a son." — Sahih International

৪. আর সতর্ক করার জন্য তাদেরকে যারা বলে, আল্লাহ সন্তান গ্রহণ করেছেন,(১)

(১) যারা আল্লাহর সন্তান-সন্ততি আছে বলে দাবী করে এদের মধ্যে রয়েছে নাসারা, ইহুদী ও আরব মুশরিকরা।
[ফাতহুল কাদীর] তাছাড়া পাক-ভারতের হিন্দুরাও আল্লাহর জন্য সন্তান-সন্ততি সাব্যস্ত করে থাকে।

তাফসীরে জাকারিয়া

(৪) এবং তাদেরকেও সতর্ক করে, যারা বলে যে, ‘আল্লাহ সন্তান গ্রহণ করেছেন।’[১]

[১] যেমন, ইয়াহুদীরা বলে, ‘উযাইর আল্লাহর বেটা’, খ্রিষ্টানরা বলে, ‘ঈসা আল্লাহর বেটা’ এবং কোন কোন মুশরিকদল বলে থাকে, ‘ফিরিশতাগণ আল্লাহর বেটা!’

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2144>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন